দৈনিক
ইত্তেফাক

তারিখ ০২ JUN 2016
পৃষ্ঠা ৬ কলাম ২

# শিক্ষাপ্রতিষ্ঠান এমপিওভুক্তি প্রসঙ্গে

১৬/৫/২০১৬ তারিখে অনুষ্ঠিত দশম জাতীয় সংসদের শিক্ষা মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির ১৭তম বৈঠকে দেশে দীর্ঘদিনের নন-এমপিও বেসরকারি স্কুল/কলেজ এমপিওভুক্তির সুপারিশ করা। বিগত প্রায় আট বছর ধরে অনিবার্য কারণবশত বেসরকারি স্কুল/কলেজ এমপিওভুক্তিকরণ বন্ধ ছিল। আশা করি এই এমপিওভুক্তিকরণে কোনো তদবির, রাজনৈতিক প্রভাব, দুর্নীতি থাকবে না। দেখা যায় স্থানীয় এমপির সঙ্গে প্রতিষ্ঠান প্রধানের আন্তরিকতার অভাব হলেই একটি ভালো প্রতিষ্ঠান এমপিওভুক্ত হওয়া থেকে বঞ্চিত হয়। বিষয়টি অত্যন্ত দুঃখজনক সঙ্গে লজ্জাজনকও। শিক্ষা প্রতিষ্ঠান সরকারি রেজিস্ট্রেশনভুক্ত হওয়ার সময়কে চিহ্নিত করে পর্যায়ক্রমে এমপিওভুক্তিকরণ করা হোক এটাই নিয়মতান্ত্রিক। আর এসব প্রতিষ্ঠান প্রতিষ্ঠার তারিখ, রেজিস্ট্রেশন নম্বর, প্রতিষ্ঠান কোড ইত্যাদি কাগজপত্র মাউশি তথা শিক্ষা মন্ত্রণালয়ের কাছে সংরক্ষিত আছে। তাই এমপিওভুক্তির বিষয়ে শিক্ষা মন্ত্রণালয়ই সঠিক সিদ্ধান্ত নিয়ে আসছে রোজা বা ঈদের আগেই ঘোষণা দেবে বলে আমরা আশা করি।

**মোছা. উম্মে জামিলা উর্মি,**
সহকারী শিক্ষিকা,
সিটি রেসিডেনসিয়াল স্কুল, কোতয়ালী, রংপুর